

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭১.১৯-৪৩৬

তারিখঃ ০৭ ভাদ্র ১৪২৬ ব.
২২ আগস্ট ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৩২/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৩২/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৩২/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৭৩২/২০১৯	জনাব মোহাম্মদ ও বায়েদ উল্লাহ, পিতা- মোহাম্মদ আশরাফ আলী, গ্রাম- গন্ধবপুর, ডাকঘর- হিরামন বাজার, উপজেলা- লক্ষীপুর সদর, জেলা-লক্ষীপুর।	সচিব, মাউশি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, টিএমইডি, চেয়ারম্যান, এনটিআরসিএ ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	এনটিআরসিএ কর্তৃক ০৬/৬/২০১৬ তারিখে জারীকৃত গণবিজ্ঞপ্তির আলোকে পিটিশনার পরীক্ষা প্রদানপূর্বক লক্ষীপুর জেলার সদর উপজেলাধীন খগুড়িয়া দারুল উলুম দাখিল মাদ্রাসায় সহকারী মৌলভী পদে নিয়োগ পান। কিন্তু উক্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক তাকে যোগদান না করিয়ে কিছুদিন অপেক্ষা করতে বলেন। ইতোমধ্যে পিটিশনার এর বয়স ৩৫ বছর পূর্ণ হওয়ায় পুনরায় আবেদন করার সুযোগ শেষ হয়। ফলে পিটিশনারকে উক্ত প্রতিষ্ঠান অথবা অন্য কোন প্রতিষ্ঠানের নিয়োগদানের জন্য চেয়ারম্যান, এনটিআরসিএ বরারব গত ২৮/১১/১৬, ২৮/১২/১৬, ০৬/৭/১৭, ২১/১২/১৮ এবং ১০/১/১৯ তারিখে আবেদন করেন। উক্ত আবেদন আলোকে প্রতিকার না পাওয়ায় বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক/সহকারী মৌলভী শিক্ষকের শূন্য পদে নিয়োগদানের নির্দেশনা কামনাসহ বে- সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬ এবং বে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬ নং অনুচ্ছেদে বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগে সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বছর নির্ধারণ এর বিরুদ্ধে সংশ্লিষ্ট হয়ে পিটিশনার জনাব মোহাম্মদ ও বায়েদ উল্লাহ কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৭৩২/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৯/০১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল-কলেজ এবং মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬ নং অনুচ্ছেদ এর (বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বছর নির্ধারণের) কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা এবং পিটিশনার-কে তার আবেদন অনুযায়ী বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল-কলেজ ও মাদ্রাসা)-এর সহকারী শিক্ষক/সহকারী মৌলভী শিক্ষকের শূন্যপদে নিয়োগদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৬/০২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক। উল্লেখ্য যে, বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ কার্যক্রমের সাথে এনটিআরসিএ জড়িত।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৭৩২/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১৫/০৯/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন-৯৫৭৪০৯০।

চেয়ারম্যান
বে-সরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৪ ও ৫, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। মুগ্ধসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।